

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৪৭.০০৩.২০২৪-৩২৫৭

তারিখ: ২৩/১০/২০২৫ খ্রি.


অফিস আদেশ

সুন্দরগঞ্জ ডি.ডব্লিউ সরকারি ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব আমিরুল ইসলাম সরকার অবসরজনিত কারণে ০৯/১০/২০২৫ তারিখে দায়িত্বভার হস্তান্তরের প্রেক্ষিতে কলেজের জ্যেষ্ঠ শিক্ষক ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ের প্রভাষক (নন-ক্যাডার) জনাব মো: আলী জাফর-কে পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ/জ্যেষ্ঠ শিক্ষক পদায়ন না হওয়া পর্যন্ত বেতনভাতাদি ও জরুরি কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে শর্ত মোতাবেক সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ আর্থিক ক্ষমতা (ডিডিও) প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে প্রতিষ্ঠানে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/জ্যেষ্ঠ শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রাতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৬৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


২৩/১০/২০২৫
(ফজলুল হক মনি)

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন নং- ৪১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) জেলা প্রশাসক, -----;
- ৪) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৭) জনাব মো: আলী জাফর, সুন্দরগঞ্জ ডি.ডব্লিউ সরকারি ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
- ৮) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----;
- ৯) সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার -----;
- ১০) সংরক্ষণ নথি।